

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর



website: [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd) email: [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং- মাউশিবোর্ডি/প্রশাঃ/৭৬৭২(০২)

তারিখ : ১৯/০৩/২০২৩ খ্রি.

## প্রতারক চক্র থেকে সাবধান

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের বিদ্যালয় পরিদর্শক/কলেজ পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/সচিব অথবা যে কোন কর্মকর্তার নাম ও পদবি ব্যবহার করে প্রতারক চক্র ভিন্ন ভিন্ন মোবাইল নম্বর থেকে বিভিন্ন সময়ে বিদ্যালয়/কলেজ এর নানাবিধ কাজের অযুহাত দেখিয়ে মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে অর্থ দাবী করে আসছে। এভাবে অনেক প্রতিষ্ঠান প্রধান ইতোমধ্যে এই প্রতারক চক্রের শিকার হয়েছেন। তাই এ ব্যাপারে সকলকে সতর্ক থাকার জন্য বলা হলো। এরপরও যদি কেউ এই প্রতারক চক্রের ফাঁদে পড়েন তাহলে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ এর কোন দায়-দায়িত্ব বহন করবে না।

উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের সকল সেবা গ্রহণের বিপরীতে প্রদেয় ফি শুধুমাত্র সোনালী সেবার মাধ্যমে পরিশোধযোগ্য।

প্রফেসর মোঃ জহির উদ্দিন  
সচিব

অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

ফোন নম্বর-০২৫৮৮৮১৭৬৯২